গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১২৪/২০১৮-১৯
ঢাকা, বুধবার ২৬ ডিসেম্বর ২০১৮, ১২ পৌষ ১৪২৫
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। সবাই ভোটাধিকার প্রয়োগ করুন :
বড়দিন উপলক্ষে খ্রিষ্টান ধর্মাবলম্বীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময়কালে রাষ্ট্রপতি

২। প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্সে ৩ জেলায় নির্বাচনি জনসভায় বক্তব্য রাখবেন আজ

৩। ক্রয় কমিটিতে বেসরকারি খাতে ৬ বিদ্যুৎকেন্দ্রের অনুমোদন

৪। ইভিএমে কেউ জাল ভোট দিতে পারবে না : প্রশিক্ষণ উদ্বোধনীতে সিইসি

৫। পুলিশ স্বাভাবিক আইনশৃঙ্খলা বজায় রাখছে : ড. কামালের সঙ্গে বৈঠকে সিইসি

৬। রোহিঙ্গাদের নিয়ে শঙ্কিত ইসি : ব্যবস্থা নিতে ১৬ দপ্তরে চিঠি

৭। একাদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে জেলায় জেলায়
ব্যালট পেপার বিতরণ শুরু করেছে নির্বাচন কমিশন

৮। কেন্দ্রের সব শৃঙ্খলা নির্ভর করে প্রিজাইডিং অফিসারের ওপর : নির্বাচন কমিশনার

৯। আগামী ২৯ ডিসেম্বর মধ্যরাত থেকে ২৪ ঘন্টা নৌ চলাচলে নিষেধাজ্ঞা

১০। নির্বাচন ঘিরে ফেসবুকে গুজব, গ্রেফতার ২

১১। চাপে রাখতে প্রশাসনের বিরুদ্ধে অভিযোগ : ডিএমপি কমিশনার

১২। ব্যাংকে ৬৫ বছরের পর চুক্তিভিত্তিক নিয়োগ নয় : কেন্দ্রীয় ব্যাংকের সার্কুলার

চলমান পাতা-২

**১। সবাই ভোটাধিকার প্রয়োগ করুন :**
**বড়দিন উপলক্ষে খ্রিষ্টান ধর্মাবলম্বীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময়কালে রাষ্ট্রপতি**

নানা আনন্দ আয়োজন ও ধর্মীয় অনুষ্ঠানমালার মধ্য দিয়ে খ্রিষ্ট ধর্মাবলম্বীদের বৃহত্তম উৎসব শুভ বড়দিন উদ্‌যাপিত হয়েছে গতকাল (২৫ ডিসেম্বর মঙ্গলবার)। এদিন ছিল সরকারি ছুটি। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বড়দিন উপলক্ষে বঙ্গভবনে খ্রিষ্টান সম্প্রদায়ের প্রতিনিধিদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন। অনুষ্ঠানে বড়দিনের কেকও কাটেন রাষ্ট্রপতি। বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারসহ বেসরকারি স্যাটেলাইট টেলিভিশন চ্যানেল ও রেডিওগুলো বিশেষ অনুষ্ঠানমালা প্রচার করে। সংবাদপত্রগুলো বিশেষ ক্রোড়পত্র ও নিবন্ধ প্রকাশ করে। বঙ্গভবনের অনুষ্ঠানে রাষ্ট্রপতি দেশে উন্নয়নের ধারা অব্যাহত রাখতে আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে দলমত নির্বিশেষে সব ধর্ম ও বর্ণের মানুষের প্রতি ভোটাধিকার প্রয়োগের আহ্বান জানান। তিনি বলেন, সংসদ নির্বাচনের আর মাত্র চার দিন বাকি রয়েছে। আমি আশা করছি, দলমত নির্বিশেষে আপনারা সবাই নির্বাচনের দিন আপনাদের ভোটাধিকার প্রয়োগ করবেন। রাষ্ট্রপ্রধান আগামী দিনগুলোতে খ্রিষ্টান সম্প্রদায়ের লোকদের সুখী, সমৃদ্ধ ও আনন্দময় জীবন কামনা করে বড়দিন উপলক্ষে তাদের শুভেচ্ছা জানান। তিনি বলেন, এ দেশে দীর্ঘদিন ধরে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রয়েছে। আমাদের দেশের উন্নয়ন ও অগ্রগতির ক্ষেত্রে এ সম্প্রীতির গুরুত্বপূর্ণ অবদান রয়েছে। রাষ্ট্রপতি বঙ্গভবনে এ সংবর্ধনার আয়োজন করেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **সংবাদ** (শেষ পৃ,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **অবজারভার** (পৃ.৩,ক.৫)।

**২। প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্সে ৩ জেলায় নির্বাচনি জনসভায় বক্তব্য রাখবেন আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (২৬ ডিসেম্বর বুধবার) ভিডিও কনফারেন্সের মাধ্যমে তিনটি জেলায় নির্বাচনি জনসভায় যোগ দেবেন। বিকালে রাজধানীর ধানমন্ডিতে সুধাসদন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে প্রধানমন্ত্রী চাঁদপুর, কুষ্টিয়া ও নওগাঁয় অনুষ্ঠেয় জনসভায় বক্তব্য রাখবেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **যুগান্তর** (পৃ. ১৫,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

**৩। ক্রয় কমিটিতে বেসরকারি খাতে ৬ বিদ্যুৎকেন্দ্রের অনুমোদন**

বেসরকারি খাতে ৫টি সোলার বিদ্যুৎ প্রকল্পসহ একটি বায়ু বিদ্যুৎ প্রকল্প স্থাপনের অনুমাদন দেওয়া হয়েছে। গত ২৪ ডিসেম্বর সোমবার সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলনকক্ষে অনুষ্ঠিত সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এ সংক্রান্ত ছয়টি ক্রয়প্রস্তাবের অনুমোদন দেওয়া হয়। কমিটির সভাপতি অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত এতে সভাপতিত্ব করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬)।

**৪। ইভিএমে কেউ জাল ভোট দিতে পারবে না : প্রশিক্ষণ উদ্বোধনীতে সিইসি**

ইলেকট্রনিক ভোটিং মেশিনের (ইভিএম) মাধ্যমে ভোট গ্রহণের সঙ্গে যুক্ত কর্মকর্তাদের প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করেছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদা। গতকাল (২৫ ডিসেম্বর মঙ্গলবার) রাজধানীর টিকাটুলীর সেন্ট্রাল উইমেন্স কলেজে তিনি এর উদ্বোধন করেন। এ সময় তিনি নিজেও ভোটিং মেশিন পরীক্ষা করেন। অন্যের ভোট নিজে দিতে গিয়ে দেখেন, ভোটিং মেশিন সেটা গ্রহণ করছে না। সিইসি বলেন, ইভিএমের মাধ্যমে কেউ জাল ভোট দিতে পারবে না। কেউ দিতে গেলেই সেটা ধরা পড়ে যাবে। উল্লেখ্য, এবার সারা দেশের ছয়টি নির্বাচনি এলাকায় ইভিএমে ভোট গ্রহণ হবে। এর মধ্যে টিকাটুলী এলাকা (ঢাকা-৬) আসনও রয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮)।

**৫। পুলিশ স্বাভাবিক আইনশৃঙ্খলা বজায় রাখছে : ড. কামালের সঙ্গে বৈঠকে সিইসি**

প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদা ও জাতীয় ঐক্যফ্রন্টের শীর্ষ নেতা ড. কামাল হোসেন নির্বাচনি পরিস্থিতি নিয়ে আগারগাঁও নির্বাচন ভবনে পূর্ব নির্ধারিত এক বৈঠকে বসেন। ড. কামাল হোসেন পুলিশের আচরণ নিয়ে আক্রমণাত্মক বক্তব্য উপস্থাপন করেন, কিন্তু সিইসি তাঁর বক্তব্যের বিরোধিতা করে পরিস্থিতি স্বাভাবিক আছে বলে দাবি করেন। এরপরই জাতীয় ঐক্যফ্রন্টের ১২ সদস্যের প্রতিনিধিদল বৈঠক থেকে বেরিয়ে যান। এ বিষয়ে বৈঠকে উপস্থিত নির্বাচন কমিশনার মো. রফিকুল ইসলাম বলেন, সিইসির সঙ্গে বক্তব্যের সময়ে ড. কামাল হোসেন টেবিল চাপড়ে উচ্চস্বরে কথা বলেছিলেন। বৈঠকে ঐক্যফ্রন্টের শীর্ষ নেতা ড. কামাল হোসেনও বিভিন্ন জায়গায় পুলিশের নেতিবাচক ভূমিকার কথা তুলে ধরেন। সিইসি বলেন, পুলিশ স্বাভাবিক আইনশৃঙ্খলা বজায় রাখছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৩)।

৬। **রোহিঙ্গাদের নিয়ে শঙ্কিত ইসি : ব্যবস্থা নিতে ১৬ দপ্তরে চিঠি**

নির্বাচনে স্বার্থান্বেষীরা রোহিঙ্গাদের টাকার বিনিময়ে ভোটার ও বিশৃঙ্খলা সৃষ্টিকারী হিসেবে ব্যবহার করতে পারে বলে আশঙ্কা করছে নির্বাচন কমিশন (ইসি)। এ পরিস্থিতিতে ভোটের আগের দিন থেকে তিন দিন ক্যাম্পের বাইরে রোহিঙ্গাদের চলাচলে নিষেধাজ্ঞা জারি, পুরো ক্যাম্প এলাকা সিলগালা করা, এনজিও বা স্বেচ্ছাসেবী সংগঠনের কর্মীদের যাতায়াতে কড়াকড়ি ও চলাচলের সব পথ বন্ধ করাসহ নানা সিদ্ধান্ত নিয়েছে ইসি। সর্বোচ্চ গুরুত্ব দিয়ে রোহিঙ্গাদের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পররাষ্ট্র মন্ত্রণালয়, পুলিশ হেডকোয়ার্টার্স, ত্রাণ মন্ত্রণালয়, জেলা প্রশাসক, পুলিশ প্রশাসন, রিটার্নিং কর্মকর্তাসহ ১৬টি দপ্তরে চিঠিও দিয়েছে ইসি। উপজেলা ও পুলিশ প্রশাসন সূত্রে জানা গেছে, নিরাপত্তার স্বার্থে ২৯ ডিসেম্বর সকাল থেকে ৩১ ডিসেম্বর বিকেল পর্যন্ত রোহিঙ্গাদের যাতায়াতের প্রধান নয়টি পয়েন্ট বন্ধ করে দেওয়া হবে। এসব পয়েন্টে স্পেশাল পুলিশ দিয়ে চেকপোস্টও বসানো হবে। ইসি সচিব হেলালুদ্দীন আহমদ বলেন, ক্যাম্প থেকে একজন রোহিঙ্গাও যেন বের হতে না পারে, সে বিষয়ে কঠোর নজরদারি রাখতে হবে। প্রয়োজনে পুরো ক্যাম্পকে পুরোপুরি সিলগালা করে দেওয়া হবে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৩)।

৭। **একাদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে জেলায় জেলায়
ব্যালট পেপার বিতরণ শুরু করেছে নির্বাচন কমিশন**

একাদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে জেলায় জেলায় ব্যালট পেপার বিতরণ শুরু করেছে নির্বাচন কমিশন (ইসি)। গতকাল (২৫ ডিসেম্বর মঙ্গলবার) দুপুর ২টা থেকে ঢাকার দু'টি সরকারি প্রেস (বিজি ও গভর্নমেন্ট) থেকে এসব ব্যালট পেপার বিতরণ শুরু হয়েছে। ব্যালট পেপারের প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চিতে এর মধ্যে পুলিশ, র‍্যাব ও ডিএমপিকে অবহিত করা হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৪)।

৮। **কেন্দ্রের সব শৃঙ্খলা নির্ভর করে প্রিজাইডিং অফিসারের ওপর : নির্বাচন কমিশনার**

নির্বাচন কমিশনার বেগম কবিতা খানম বলেছেন, প্রিজাইডিং অফিসার নিয়োগে কেউ কোনো তদবির করেনি। কমিশন অনেক অভিযোগ পাচ্ছে। কিন্তু মুন্সীগঞ্জ থেকে সেরকম কোনো অভিযোগ পাইনি। প্রিজাইডিং অফিসারদের উদ্দেশে তিনি বলেন, পয়সা খেলাম না, এটি কোনো সততা না। আইন মেনে চলা, অর্পিত দায়িত্ব পালন করেছি কিনা এটিও সততার মধ্যে পড়ে। সৎ থাকলে কেউ অবৈধ আবদারের সাহস পাবে না। এটি একটি প্রতিদ্বন্দ্বিতামূলক নির্বাচন, অংশগ্রহণমূলক নির্বাচন। অনেক ধরনের সমস্যা হতে পারে। তিনি গতকাল (২৫ ডিসেম্বর মঙ্গলবার) কে কে গভর্নমেন্ট ইনস্টিটিউশনে ভোট গ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণসভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৪), **অবজারভার** (শেষ পৃ,ক.৮), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৬)।

৯। **আগামী ২৯ ডিসেম্বর মধ্যরাত থেকে ২৪ ঘন্টা নৌ চলাচলে নিষেধাজ্ঞা**

ভোটের আগের দিন আগামী ২৯ ডিসেম্বর শনিবার রাত ১২টার পর থেকে ভোটের দিন রোববার রাত ১২টা পর্যন্ত লঞ্চ, ইঞ্জিনচালিত সব ধরনের নৌযান ও স্পিডবোট চলাচলের ওপর নিষেধাজ্ঞা আরোপের সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন। নৌপরিবহণ মন্ত্রণালয় গতকাল (২৫ ডিসেম্বর মঙ্গলবার) কমিশনের বরাত দিয়ে এ নিষেধাজ্ঞার কথা জানিয়েছে। তবে ইঞ্জিনচালিত ক্ষুদ্র নৌযান বা সাধারণ জনগণ বা ভোটারদের চলাচলের নৌযানের ওপর এ নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮)।

১০। **নির্বাচন ঘিরে ফেসবুকে গুজব, গ্রেফতার ২**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে ফেসবুকে গুজব ছড়ানোর অভিযোগে গত ২৪ ডিসেম্বর সোমবার থেকে ২৫ ডিসেম্বর মঙ্গলবার পর্যন্ত রাজধানী থেকে এক নারীসহ দু'জনকে গ্রেফতার করেছে র‍্যাব। র‍্যাব জানিয়েছে, জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে সাইবার অপরাধীচক্র তথ্যপ্রযুক্তির অপব্যবহার করে ফেসবুকসহ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে উদ্দেশ্যপ্রণোদিত ও উস্কানিমূলক মিথ্যা তথ্য প্রচার করছে। এছাড়া নিজস্ব গ্রুপের সদস্যদের মধ্যে রাষ্ট্রবিরোধী ভিডিও, পোস্ট আদান-প্রদান করে তারা। তাদের মূল উদ্দেশ্য নির্বাচনে আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটানো। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.৩,ক.১)।

১১। **চাপে রাখতে প্রশাসনের বিরুদ্ধে অভিযোগ : ডিএমপি কমিশনার**

ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) কমিশনার আছাদুজ্জামান মিয়া বলেছেন, প্রশাসনকে চাপে ফেলতে অহেতুক, মনগড়া ও ভিত্তিহীন অনেক অভিযোগ দেখতে পাচ্ছি। সোশ্যাল মিডিয়ায়ও নানা গুজব রটানো হচ্ছে। অন্যান্য বাহিনীর সঙ্গে বিভেদ তৈরি করার জন্যও অনেক মিথ্যাচার করা হচ্ছে। বড়দিন উপলক্ষে গতকাল (২৫ ডিসেম্বর মঙ্গলবার) রাজধানীর বনানীতে গির্জা পরিদর্শনশেষে সাংবাদিকদের এ কথা বলেন তিনি। ডিএমপি কমিশনার

বলেন, সুষ্ঠু নির্বাচনি পরিবেশ উপহার দিতে পুরোপুরি প্রস্তুত রয়েছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। বিভিন্ন প্রার্থীর অভিযোগ প্রসঙ্গে তিনি বলেন, রাজনীতিবিদরা অভিযোগ দিতে পারেন। সে ব্যাপারে বিতর্ক করব না। কারণ, আমরা প্রজাতন্ত্রের কর্মচারী। আমি মনে করি, বিরোধী পক্ষকে, নির্বাচন কমিশনকে কিংবা প্রশাসনকে চাপের মুখে রাখার কৌশল এটি। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ,ক.৪), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **অবজারভার** (পৃ.৩,ক.২)।

**১২। ব্যাংকে ৬৫ বছরের পর চুক্তিভিত্তিক নিয়োগ নয় : কেন্দ্রীয় ব্যাংকের সার্কুলার**

ব্যাংকে চুক্তিভিত্তিক নিয়োগ ব্যাপক বেড়ে যাওয়ায় এ ক্ষেত্রে কড়াকড়ি আরোপ করেছে বাংলাদেশ ব্যাংক। এখন থেকে ব্যাংকগুলো আর ৬৫ বছর বয়স পার হওয়া ব্যক্তিকে চুক্তিভিত্তিক নিয়োগ দিতে পারবে না। বিশেষ প্রয়োজনে শুধু পরামর্শক ও উপদেষ্টা পদে বয়সের এ সীমা শিথিলযোগ্য। অন্যদিকে বেসরকারি ব্যাংকগুলোকে সরকারি ব্যাংকের সঙ্গে মিল রেখে অবসরের নীতিমালা করতে হবে। এছাড়া শিক্ষাজীবনের কোনো পর্যায়ে তৃতীয় শ্রেণি পাওয়া ব্যক্তিকে ব্যাংকের প্রধান নির্বাহী কর্মকর্তা নিয়োগে বিধিনিষেধ আরোপ করা হয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত ২৪ ডিসেম্বর সোমবার এ সংক্রান্ত আলাদা দু'টি সার্কুলার জারি করে ব্যাংকগুলোর পরিচালনা পর্ষদ বরাবর পাঠিয়েছে বাংলাদেশ ব্যাংক। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১১,ক.১), **ইনকিলাব** (পৃ.৩,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** মাদারীপুরের সুফী জোনাবালী খাল ময়লা-আবর্জনার ভাগারে পরিণত হওয়ার চিত্র তুলে ধরে দেশের নদ-নদী, খাল, পুকুর, দিঘিগুলো বাঁচাতে সর্বাগ্রে স্থানীয় জনগণকে উদ্যোগী হওয়ার আহ্বান।

খ. **সংবাদ, সমকাল :** খাগড়াছড়ির পানছড়িতে হত্যাকাণ্ডের ঘটনায় উদ্বেগ প্রকাশ করে পাহাড়ে শান্তি প্রতিষ্ঠায় জাতীয় ও আঞ্চলিক দলগুলোর মধ্যে সমন্বয় প্রয়োজন বলে অভিমত।

গ. **সংবাদ, সমকাল, যুগান্তর, যায়যায়দিন, বণিক বার্তা :** পঞ্চম-অষ্টম শ্রেণির সমাপনী পরীক্ষার ফলাফলে কৃতিত্ব অর্জনকারীদের অভিনন্দন জানিয়ে শিক্ষাক্ষেত্রে বিরাজমান নানা সমস্যা সমাধানে কর্তৃপক্ষকে মনোযোগ দেওয়ার আহ্বান।

ঘ. **ভোরের কাগজ** : নির্বাচন সামনে রেখে পোশাকখাতে অস্থিরতা তৈরির ষড়যন্ত্রের অভিযোগের প্রেক্ষিতে জড়িতদের চিহ্নিত করে আইনের আওতায় আনার সুপারিশ।

ঙ. **যায়যায়দিন** : প্রধানমন্ত্রীর বই উৎসবের উদ্বোধনের বিষয় তুলে ধরে শিক্ষা বিস্তারে কার্যকর পদক্ষেপ গ্রহণের আহ্বান।

চ. **ডেইলি সান** : নিম্নআয়ের বস্তিবাসীদের জন্য ১০ হাজার ফ্ল্যাট নির্মাণের বিষয়ে প্রধানমন্ত্রীর ঘোষণার পরিপ্রেক্ষিতে এসব ফ্ল্যাট শুধু বস্তিবাসীদের মধ্যে বিতরণের প্রত্যাশা।

ছ. **অবজারভার** : চলতি বছর শ্রম রপ্তানি ২৭ শতাংশ কমে যাওয়ায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনায় নিয়ে শ্রম রপ্তানি বাড়াতে যথাযথ পদক্ষেপ গ্রহণের সুপারিশ।

**উপসম্পাদকীয়**

**ভোরের কাগজ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দেশে উন্নয়নের যে ধারা সূচিত হয়েছে, সে ধারাকে স্থিতিশীল রাখতে দেশের জনগণ তার পক্ষেই রায় দিবে।

**নিবন্ধ ও ফিচার**

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত **'সর্বজনীন স্বাস্থ্য সুরক্ষা সময়ের দাবি'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, স্বাস্থ্যব্যবস্থায় বাস্তব পরিকল্পনা প্রণয়ন ও তা বাস্তবায়নে যথাযথ ব্যবস্থা গ্রহণ ও সমন্বয়ের কার্যকরী পদক্ষেপ নিতে হবে।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/রশীদ/২০১৮/৯.০০ঘন্টা